

সংবাদ বিজ্ঞপ্তি

সম্পদের সীমাবদ্ধতা যেন মেধার বিকাশে বাধা না হয়: নোবিপ্রবি উপাচার্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেছেন, পাশ্চাত্যে যেমন ওয়াটসন, নিউটন কিংবা স্টিফেন হকিংসের মতো বিজ্ঞানী রয়েছে, একইভাবে ভারতবর্ষ থেকেও জগদীশ চন্দ্র বোস, রামানুজ ও চন্দ্রশেখরের মতো বিজ্ঞানী উঠে এসেছে। বিজ্ঞানের কোনো দেশ কিংবা সীমানা নেই। দেশের উন্নয়নে প্রান্তিক এলাকায় বিজ্ঞান শিক্ষাকে ছড়িয়ে দেয়ার কোনো বিকল্প নেই। আমাদের খেয়াল রাখতে হবে, সম্পদ কিংবা অন্য কোনো সীমাবদ্ধতা যেন মেধার বিকাশে বাধা না হয়।

আজ শনিবার (২৫ জানুয়ারি ২০২৫) বিসিএসআইআর চট্টগ্রাম গবেষণাগার প্রাঙ্গণে আয়োজিত তিনদিনব্যাপী “বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা- ২০২৫”এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অনুষ্ঠানে নোবিপ্রবি উপাচার্য আরও বলেন, বিজ্ঞানমেলার মাধ্যমে বিজ্ঞানে আগ্রহীদের আইডিয়া প্রদর্শন ও আদান-প্রদানের সুযোগ হয়। এ ধরনের আয়োজন বিজ্ঞানকে জনপ্রিয় করার বড় সুযোগ।

বিসিএসআইআর চট্টগ্রাম গবেষণাগারের পরিচালক ড. বরুণ কান্তি সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিসিএসআইআরের সদস্য (অর্থ) রোকনুজ্জামান।

উল্লেখ্য, এ বিজ্ঞানমেলায় ২৬টি স্কুল-কলেজের বিভিন্ন দল ১০০টির বেশি প্রজেক্ট প্রদর্শন করে।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪